

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২২-০৭-২০২৪

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৮-০৭-২০২৪ থেকে ২১-০৭-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

**১৮ জুলাই:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল।

উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়া হাওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ঘন্টা)	স্থায়িত্ব(মিনিট)
আলিপুর, কলকাতা	১৭:১২	পশ্চিম দক্ষিণ-পশ্চিম	৩৪	০৩

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় এবং কালিম্পাং, আলিপুরদুয়ার, দার্জিলিং জেলার দুয়েক জায়গায় ভারী (০৭-১১ সেমি) বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার):** হাসিমাড়া : ১১ ; নাগরাকাটা, বালং, রঙ্গ : ৯; বক্সাদুয়ার, চম্পাসারি, শিলিগুড়ি: ৮; গাজোলডোবা : ৭; মূর্তি: ৬; বারোভিসা, লাভা : ৫;

**১৯ জুলাই:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল।

উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়া হাওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ ঘন্টা)	স্থায়িত্ব(মিনিট)
আলিপুর, কলকাতা	১২:১০	দক্ষিণ দক্ষিণ-পূর্ব	৩৪	০১

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** পানাগড়: ১, দুর্গাপুর:১, কাকদ্বীপ: ১, বাঁকুড়া: ১, মেদিনীপুর: ১, মোহনপুর: ১;

**২০ জুলাই:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদামিত ছিল।

উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ ঘন্টা)	স্থায়িত্ব(মিনিট)
আলিপুর, কলকাতা	১০:৫০	পূর্ব	৩১	২০
আলিপুর, কলকাতা	১৩:০৯	পূর্ব দক্ষিণ-পূর্ব	৩৩	০৫

পশ্চিমবঙ্গের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** হাসিমারা, কালিম্পাঙ, ঝালং: ৪; বাগডোগরা, বাগরাকোট, রঙ্গ: ৩;

**২১ জুলাই:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** লাভা: ৩; গাজোলডোবা, ঝালং : ২; দার্জিলিং, বাগরাকোট, নাগরাকাটা, রঙ্গ: ১

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৮ থেকে ৮৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৫৯ থেকে ৮০ শতাংশ।

**শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (১৬.০৭.২০২৪ থেকে ২২.০৭.২০২৪ পর্যন্ত) :**

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৬১	৩৯	হাওড়া	৬৮	৩২
বীরভূম	৬৪	৩৬	মুর্শিদাবাদ	৬৪	৩৬
বর্ধমান	৫০	৫০	নদীয়া	৬৪	৩৬
হুগলী	৬০	৪০	২৪ পরগনা	৬৮	৩২
পুরুলিয়া	৫৯	৪১			

## পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

### দিন ১ (২২ জুলাই)-

পশ্চিমবঙ্গের সব জেলার অধিকাংশ জায়গায় বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

### দিন ২ (২৩ জুলাই)-

পশ্চিমবঙ্গের সব জেলার অধিকাংশ জায়গায় বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

### দিন ৩ (২৪ জুলাই)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলার অনেক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির অধিকাংশ জায়গায় বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

## সতর্কীকরণ:

### দিন ১ (২২ জুলাই)-

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাঙ, জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

**দিন ২ (২৩ জুলাই)-**

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাং, আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হুগলী, পূর্ব বর্ধমান জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

**দিন ৩ (২৪ জুলাই)-**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

**পরবর্তী ২ দিনের অনুমান :** সামান্য পরিবর্তন হবে।

*সুজাতা সর্মা*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

২২-০৭-২০২৪